অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/10/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটে 11.5 মিলিয়নেরও বেশি COVID-19 টিকার ডোজ প্রদান করা হয়েছে বলে ঘোষণা করেছেন

282,305 ডোজ গত 24 ঘণ্টায় দেওয়া হয়েছে

গত সাত দিনে 1.4 মিলিয়নেরও বেশি ডোজ দেওয়া হয়েছে

নিউ ইয়র্কবাসীদের 3 জনের মধ্যে 1 জনের বেশি মানুষ অন্তত একটি ডোজ পেয়েছেন

প্রতি 5 জনের মধ্যে 1 জনের বেশি এখন পুরোপুরি টিকা প্রাপ্ত

স্টেটের টিকা কর্মসূচি সম্পর্কে আপডেট তথ্য প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে; ny.gov/vaccinetracker এ যান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটে 11.5 মিলিয়নের বেশি COVID-19 টিকার ডোজ প্রদান করা হয়েছে। গত 24 ঘণ্টায় নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক জুড়ে 282,305টি ডোজ দেওয়া হয়েছে এবং গত সাত দিনে 1.4 মিলিয়নেরও বেশি ডোজ প্রদান করা হয়েছে।

"আমরা এখন প্রতি চারজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজনকে পুরোপুরি টিকা দেওয়ার কাছাকাছি পৌঁছেছি, কিন্তু আমরা গতি ধীর করতে এবং স্বাচ্ছন্দ্য বোধ করতে পারি না," **গভর্নর কুওমো বলেন।** "আমাদের অগ্রগতি উদযাপনের উপায় হল আমাদের সুরক্ষার নির্দেশিকাগুলির উপর আরো জোর দেওয়া এবং মানুষের বাহুতে শট প্রবেশ করানো চালিয়ে যাওয়া, যাতে আমরা এই অগ্রগতির উপর ভিত্তি করে গড়ে তুলতে পারি। ভাইরাসটি এখনও আছে, এবং আমরা রাজ্য জুড়ে আমাদের ক্ষমতা সম্প্রসারণ করতে এবং টিকার বিতরণ ন্যায্য এবং ন্যায়সঙ্গত রাখা নিশ্চিত করার দিকে শানিত নজর রেখে চলেছি। আমরা যদি শৃঙ্খলাপরায়ণ থাকি, তাহলে আমরা এই যুদ্ধে জয়ী হব।"

নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক ও যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকার সরবরাহের চেয়ে এখনো বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়েন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থাযুক্ত ব্যক্তিদের জন্য 'Am I Eligible (আমি কি যোগ্য)' স্ক্রিনিং টুলটি আপডেট করা হয়েছে এবং তার সাথে পরবর্তী সপ্তাহগুলিতে রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট প্রকাশ করা হবে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করতে পারেন তাদের যোগ্যতা দেখানোর জন্য:

- চিকিৎসকের চিঠি, অথবা
- চিকিৎসা সংক্রান্ত তথ্য যা কমোর্বিডিটির প্রমাণ দেয়, অথবা
- স্বাক্ষরিত প্রত্যয়ন

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ:

রাজ্যব্যাপী তালিকা

প্রদান করা মোট ডোজগুলি - 11,669,171
গত 24 ঘন্টায় মোট 282,305 ডোজ প্রদান করা হয়েছে
গত 7 দিনে প্রদান করা মোট ডোজ - 1,494,398
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 36.9%
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকার ডোজ পেয়েছেন - 23.9%

	অন্তত একটি টিকার ডোজ নেওয়া ব্যক্তি		**সম্পূর্ণ টিকার সিরিজ সহ মানুষ**	
অঞ্চল	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘন্টায় বৃদ্ধি**	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘন্টায় বৃদ্ধি**
Capital Region	434,992	9,388	296,070	7,595
Central New York	370,798	7,590	264,087	8,101
Finger Lakes	455,871	7,799	305,157	10,170
Long Island	906,142	19,278	528,784	18,126
Mid-Hudson	772,668	24,320	462,756	19,435
Mohawk Valley	183,766	3,088	127,306	2,708
New York City	3,315,255	78,669	2,159,576	68,625
North Country	187,539	2,448	142,722	2,846

Southern Tier	245,785	5,123	161,664	4,469
Western New York	489,880	11,398	318,520	14,115
স্টেটজুড়ে/সমগ্র স্টেটে	7,362,696	169,101	4,766,642	156,190

	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজ সরবরাহ করা হয়েছে	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে	মোট	ক্রমসঞ্চিত
সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 – 12/20	163,650	0	163,650	163,650
সপ্তাহ 2 ডোজ আসছে 12/21 – 12/27	452,125	0	452,125	615,775
সপ্তাহ 3 ডোজ আসছে 12/28 – 01/03	227,395	0	227,395	843,170
সপ্তাহ 4 ডোজ আসছে 01/04 – 01/10	239,025	165,150	404,175	1,247,345
সপ্তাহ 5 ডোজ আসছে 01/11 – 01/17	221,315	119,925	341,240	1,588,585
সপ্তাহ 6 ডোজ আসছে 01/18– 01/24	250,400	462,395	712,795	2,301,380
সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31	260,150	239,525	499,675	2,801,055
সপ্তাহ 8 ডোজ আসছে 02/01 – 02/07	321,850	220,720	542,570	3,343,625
সপ্তাহ 9	320,000	244,500	564,500	3,908,125

ডোজ আসছে 02/8 – 02/14				
সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 – 2/21	356,990	265,525	622,515	4,530,640
সপ্তাহ 11 ডোজ আসছে 2/22 – 2/28	393,530	305,780	699,310	5,229,950
সপ্তাহ 12 ডোজ আসছে 03/01 – 03/07	1,020,660	290,500	1,311,160	6,541,110
সপ্তাহ 13 এর ডোজ আসছে 03/08 – 03/14	618,880	526,415	1,145,295	7,686,405
সপ্তাহ 14 এর ডোজ আসছে 03/15 – 03/21	699,790	584,775	1,284,565	8,970,970
সপ্তাহ 15 এর ডোজ আসছে 03/22 – 03/28	828,000	737,080	1,565,080	10,536,050
সপ্তাহ 16 এর ডোজ আসছে 03/29 – 04/04	819,800	569,905	1,389,705	11,925,755

যে সকল নিউ ইয়র্কবাসী যোগ্যতা নির্ধারণ করতে এবং স্টেট পরিচালিত একটি গণ টিকাদান সাইটে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটি ভিজিট করতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করতে পারেন যেখানে টিকা উপলব্ধ আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করার জন্য টিকা প্রদানের ফ্যাসিলিটি প্রয়োজন; স্টেটের টিকাদান প্রচেষ্টার সবচেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে সকল নিউ ইয়র্কবাসী টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা

STOPVAXFRAUD@health.ny.gov এ স্টেটের স্বাস্থ্য বিভাগকে ইমেল করতে পারেন। স্টেট পুরোপুরি যোগ্য জনগণকে টিকা দেওয়ার জন্য কাজ করে বলে নিউ ইয়র্ককারীদের সুবিধা নেওয়া হচ্ছে না তা নিশ্চিত করার জন্য হটলাইনের কর্মীরা উপযুক্ত তদন্তকারী এজেন্সিগুলিতে অভিযোগের দিকে নজর রাখবেন।

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন